# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web: www.dinajpureducationboard.gov.bd. email : dinajpureducationboard@gmail.com

স্মারক নং-

তারিখঃ ..........................

**বিষয়ঃ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ ১. অত্র শিক্ষা বোর্ডের ১৩/০৫/২০২৩ তারিখে অনুষ্ঠিত নিম্ন মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ে মঞ্জুরী কমিটির ২য় সভার সুপারিশ।
২. অত্র শিক্ষা বোর্ডের ১৩/০৫/২০২৩ তারিখে মঞ্জুরী কমিটির ২য় সভার সুপারিশ এর ভিত্তিতে ১৪/০৫/২০২৩ তারিখের ৪২ তম বোর্ড সভার অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তসমূহের অধীনে বৈরাগী হাট নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ে ০১/০১/২০২৩ খ্রি. তারিখ থেকে পরবর্তী ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে প্রাথমিক পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচী ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতি প্রাপ্ত বিষয় সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের পর স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

**শর্তসমূহঃ**

১। মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতিকে কোন অবস্থাতে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না।
২। নীতিমালা অনুযায়ী সঠিক পরিমানে জমি থাকতে হবে এবং উক্ত জমি বিদ্যালয়ের খতিয়ান ও হালনাগাদ খাজনা পরিশোধ করতে হবে।
৩। বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না।
৪। ব্যক্তির নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে মন্ত্রণালয়ের ৩০/১০/২০২২ তারিখে প্রজ্ঞাপনের আলোকে মাধ্যমিক স্তরের জন্য ৩০,০০,০০০ (ত্রিশ লক্ষ) টাকা যৌথনামে। ১. সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি, ২. জেলা শিক্ষা অফিসার। প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা রাখতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে।
৫। বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য বিদ্যালয়ের নাম, ঠিকানা এবং EIIN ইংরেজি ক্যাপিটাল লেটার এ লিখে প্রয়োজনীয় ফি সহ বোর্ডে দাখিল করতে হবে।
৬। স্টাফিং প্যাটার্ন অনুযায়ী বিদ্যালয়ের নিবন্ধনকৃত শিক্ষক নিয়োগ করতে হবে।
৭। বিদ্যালয়ের সংরক্ষিত তহবিলের টাকা বোর্ডের অনুমতি ব্যতিত উত্তোলন করা যাবে না।
৮। সরকারী নীতিমালা অনুযায়ী এবং এনসিটিবি কর্তৃক নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করতে হবে।
৯। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
১০। ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না।
১১। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময়ে এ অনুমোদন বাতিল করতে পারে।
১২। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
১৩। শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীর নাম, NID ও মোবাইল নম্বর, শিক্ষার্থী, পরীক্ষার্থী, জমি, ভবন ইত্যাদি সবসময় হালনাগাদ করে রাখতে হবে।
১৪। প্রতিষ্ঠানে কম্পিউটার ল্যাব থাকতে হবে।
১৫। বিশেষ চাহিদা সম্পন্ন শিক্ষার্থীদের জন্য ভবনে র‍্যাম্প সুবিধা থাকতে হবে।
১৬। প্রতিষ্ঠানে শিক্ষার্থীদের জন্য খেলাধুলার মাঠ থাকতে হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

প্রাপক
প্রধান শিক্ষক
বৈরাগী হাট নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয় (EIIN-129203)
ডাকঘরঃ দেবীপুর, উপজেলাঃ ঠাকুরগাঁও, জেলাঃ ঠাকুরগাঁও।

স্মারক নং- মাউশিবো/দিনা/বিদ্যা/অনু/২০২৩/২৮৬ (৩)                তারিখঃ ২৮/০৫/২০২৩

অবগতির জন্য অনুলিপি প্রেরিত হ'ল:

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
৩। মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ঢাকা-১২০৫।
৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৭। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
৮। উপজেলা নির্বাহী অফিসার, সদর, ঠাকুরগাঁও।
৯। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১০। সভাপতি, পরিচালনা কমিটি, বৈরাগী হাট নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়, সদর, ঠাকুরগাঁও।
১১। পি এস টু, চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
১২। আই.সি.টি ইউনিট (ওয়েবসাইডে প্রকাশের অনুরোধ সহ)।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

২৮/০৫/২০২৩

(প্রফেসর মোঃ আবু হেনা মোস্তফা কামাল)
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপপরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল, রংপুর
www.dsherangpur.gov.bd

অফিস আদেশ

তারিখ: ২৭.০৭.২০২২ খ্রি.

ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন দেবীপুর ডাকঘরের অন্তর্গত বৈরাগীহাট নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়ের স্বীকৃতির মেয়াদ নিম্নবর্ণিত শর্তে ০১/০১/২০২২ তারিখ হতে ৩১/১২/২০২৪ তারিখ পর্যন্ত ০৩ (তিন ) বছরের জন্য সম্প্রসারণ করা হলো।

শর্তাবলী :

১। স্নাতক পাশ শিক্ষকদের পর্যায়ক্রমে বি.এড প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২। বিদ্যালয়ের ছাত্র/ ছাত্রী সংখ্যা বৃদ্ধিসহ উপস্থিতির হার আরও বৃদ্ধি করতে হবে।
৩। পাঠাগারের পুস্তক সংখ্যা ১০০০ খানায় উন্নীত করতে হবে। স্টক রেজিস্টারের মাধ্যমে একজন শিক্ষকের তত্ত্বাবধানে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণের ব্যবস্থা করতে হবে। রেফারেন্স ও বর্তমান পাঠ্যসূচির সাথে সঙ্গতিপূর্ণ বই পুস্তক সংগ্রহকে অগ্রাধিকার দিতে হবে।
৪। প্রতি বছর জে.এস.সি পরীক্ষায় সকল ছাত্র/ ছাত্রীর অংশগ্রহণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৫। শিক্ষার মান উন্নয়নের জন্য শিক্ষকগণকে অব্যাহত প্রচেষ্টা চালাতে হবে।
৬। বিদ্যালয় সীমানার চারিদিকে আরও কিছু বৃক্ষের চারা রোপন ও সংরক্ষণ করতে হবে।
৭। সংখ্যাবৃদ্ধিসহ জিপিএ-৫ প্রাপ্তির জেএসসি পরীক্ষার ফল ১০০% এ উন্নীত করতে হবে।
৮। অনতিবিলম্বে শিক্ষক-কর্মচারীদের নামে ভবিষ্য তহবিল চালু করতে হবে।
৯। অভ্যন্তরিন অডিট কার্যক্রম চালু করতে হবে এবং অডিট রিপোর্ট কমিটির সভায় উপস্থাপন পূর্বক অনুমোদন করতে হবে।
১০। বিভিন্ন কার্যক্রম পরিচালনার জন্য শিক্ষক-শিক্ষার্থী (স্কুল কেবিনেটের সদস্য) সমন্বয়ে কমিটি গঠন করতে হবে।
১১। শিক্ষার সার্বিক মান উন্নয়নের জন্য বছরে নূন্যতম একবার ছাত্র/ছাত্রী-অভিভাবক সমাবেশ করতে হবে এসব সমাবেশে জঙ্গী, বাল্যবিবাহ, যৌতুক, ধুমপান ও মাদক, ইভটিজিং বিরোধী সচেতনতা প্রভৃতি সামাজিক মূল্যবোধ সৃষ্টি করতে হবে।

স্বাক্ষরিত/-
মোঃ আখতারুজ্জামান
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর
তারিখ: ২৭.০৭.২০২২ খ্রি.

স্মারক নং- ৩৭.০২.৮৫০০.০০০.০৮.০০৪.২২. ২৬৭৫(৪)

অনুলিপি: অবগতি ও কার্যার্থে প্রেরিত হলো-

১। জেলা শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও।
২। সভাপতি, বৈরাগীহাট নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়, ডাকঘর:দেবীপুর ,উপজেলা: সদর ,জেলা:ঠাকুরগাঁও।
৩। প্রধান শিক্ষক বৈরাগীহাট নিম্নমাধ্যমিক বালিকা বিদ্যালয়,ডাকঘর:দেবীপুর,উপজেলা: সদর,জেলা:ঠাকুরগাঁও।
৪। সংরক্ষণ নথি।

২৭.০৭.২০২২

মোসা:সাঈদা বেগম
বিদ্যালয় পরিদর্শিকা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
রংপুর অঞ্চল, রংপুর।

২৭.০৭.২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ-পরিচালকের কার্যালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

## "অফিস আদেশ"

তারিখঃ২৭/০৮/২০০২ইং

শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ ইং / ১০/০১/১৪০৪ বাং তারিখের স্মারক নং-শিম/শাঃ ১১/বিবিধ/৩৯/৯৬/২৩০ (৬০৬) ও মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা মহোদয়ের ১১/০৫/৯৭ তারিখের ৯৪৩৭/১৫০ এবং ওএম/১৭০/ম/২০০১/৫০১২/ম তারিখ ১৮/০৪/২০০১ পত্র নং মোতাবেক.....ঠাকুরগাঁও...... জেলার ......সদর....... উপজেলাধীন পটেশ্বরী.......... ডাকঘরের অন্তর্গত বৈরাগীহাট বালিকা --------- নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের (৬ষ্ঠ শ্রেণী হইতে ৮ম শ্রেণী পর্যন্ত) নিম্ন বর্ণিত শর্তে ০১/০১/২০০২ হইতে পাঠদানের অনুমতিসহ ৩ (তিন) বৎসরের জন্য স্থাপন ও চালু করণের প্রাথমিক অনুমতি প্রদান করা হইল। এই প্রাথমিক অনুমতি কোন ক্রমেই একাডেমীক স্বীকৃতি বলিয়া গণ্য করা যাইবে না। বিদ্যালয়টি সুষ্ঠু ভাবে পরিচালিত না হইলে বা শর্ত পূরণে ব্যর্থ হইলে এই আদেশ বাতিল/প্রত্যাহার করা হইবে। এই প্রাথমিক অনুমতি প্রাপ্তিতে বিদ্যালয়টিকে কোন উন্নয়ন প্রকল্প ভূক্তি বা আর্থিক অনুদান অথবা বেতনের সরকারী অংশ প্রদানের দায়ভার সরকারের উপর বর্তাইবে না।

শর্ত সমূহঃ-

১। কোন ভুল তথ্য সরবরাহ করিয়া থাকিলে বা প্রস্তাবিত বিদ্যালয় হইতে নিকটতম চারিদিকের ৩ (তিন) কিলোমিটার দূরত্বের মধ্যে কোন বালক/বালিকা ও সহ শিক্ষা প্রতিষ্ঠান থাকিলে এই আদেশ বাতিল/প্রত্যাহার করা হইবে।

২। প্রধান শিক্ষক সহ সকল স্নাতক পাশ শিক্ষকগণকে পর্যায় ক্রমে বি-এড প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।

৩। প্রতি বছর জুনিয়র বৃত্তি পরীক্ষায় কমপক্ষে ১০ জন শিক্ষার্থীকে পরীক্ষায় অংশ গ্রহণের ব্যবস্থা করিতে হইবে এবং ৭০% উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।

৪। শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষকগণকে কঠোর পরিশ্রম করিতে হইবে।

৫। সহ শিক্ষা কার্যক্রমের প্রতি অধিক গুরুত্ব আরোপ করিতে হইবে।

৬। বিদ্যালয়ে স্কাউট/গার্লগাইড দল গঠন ও উহার কার্যক্রম চালু রাখিতে হইবে।

৭। বিদ্যালয় পরিস্কার পরিচ্ছন্নতা ও সজ্জিত করণ কর্মসূচী প্রবর্তন করিতে হইবে।

৮। পত্র প্রাপ্তির ১৫ দিনের মধ্যে বিধি মোতাবেক ৯ সদস্য বিশিষ্ট অর্গানাইজিং কমিটি গঠন করিয়া জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজ পত্র অত্র দপ্তরে প্রেরণ করিতে হইবে।

স্বাক্ষর/ (হাফিজা খাতুন)
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নং- ৫৬৬৮/ অধঃ/৭ তারিখঃ২৭/৮/০২ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হইল ঃ-

১। মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। জেলা শিক্ষা অফিসার ঠাকুরগাঁও।
৪। উপজেলা নির্বাহী অফিসার, ঠাকুরগাঁও সদর।
৫। উপজেলা প্রকল্প কর্মকর্তা, মাধ্যমিক স্তরের ছাত্রী উপবৃত্তি প্রদান প্রকল্প, ঠাকুরগাঁও সদর।
৬। প্রধান শিক্ষক, বৈরাগীহাট বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঃ পটেশ্বরী, উপজেলাঃ ও জেলাঃ ঠাকুরগাঁও
৭। সভাপতি, বৈরাগীহাট বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, ডাকঃ পটেশ্বরী, উপজেলাঃ ও জেলাঃ ঠাকুরগাঁও।
৮। সংরক্ষণ নথি।

(হাফিজা খাতুন)
উপ-পরিচালক,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রংপুর অঞ্চল, রংপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপ পরিচালকের কার্যালয়,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

তারিখ ঃ ১৩/০৮/২০০৫ইং।

## "অফিস আদেশ"

শিক্ষা মন্ত্রণালয়ের ২৩/০৪/১৯৯৭ খ্রিঃ / ১০/০১/১৪০৪ বাং তারিখের শিম/শাঃ ১১/ বিবিধ-৩৯/৯৬/২৩০/ (৬০৬) নং পত্র মোতাবেক বেসরকারী উদ্যোগে শিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসনিক আওতাধীন (স্কুল, কলেজ ও মাদ্রাসা) স্থাপন, চালুকরন ও স্বীকৃতি প্রদানের নীতিমালা অনুযায়ী এবং চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী মহোদয়ের ১১/০৮/২০০৫ইং তারিখের ঠাকু/নিমা/১১১/২৩০ নং পত্রের আদেশ বলে ঠাকুরগাঁও জেলার সদর উপজেলাধীন দেবীগঞ্জ ডাকঘরের অন্তর্গত বৈরাগী হাট বালিকা নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের (ষষ্ঠ শ্রেণী হইতে অষ্টম শ্রেণী পর্যন্ত) ০১/০১/২০০৫ইং তারিখ হইতে একাডেমীক স্বীকৃতি এবং নিম্ন বর্ণিত শর্তে ০১/০১/২০০৫ইং তারিখ হইতে ৩১/১২/২০০৯ইং তারিখ পর্যন্ত ০৫ (পাঁচ) বৎসরের জন্য বিদ্যালয়টির প্রথম অস্থায়ী মঞ্জুরী প্রদান করা হইল।

শর্ত সমূহ ঃ-

০১। স্নাতক পাশ শিক্ষকগণকে পর্যায়ক্রমে বি,এড প্রশিক্ষণ গ্রহণ করিতে হইবে।
০২। শিক্ষার মান উন্নয়ন কল্পে শিক্ষকগণকে কঠোর পরিশ্রম করিতে হইবে।
০৩। নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়মিত কমিটি গঠন করিতে হইবে।
০৪। প্রতি বৎসর বৃত্তি পরীক্ষায় বিধি মোতাবেক ২০% ছাত্র/ছাত্রী প্রেরণ করিতে হইবে এবং ৭০% উত্তীর্ণ ফলাফল অর্জন করিতে হইবে।
০৫। বিদ্যালয়ে পরিস্কার পরিচ্ছন্ন ও সজ্জিতকরন কর্মসূচী প্রবর্তন করিতে হইবে।

স্বা/- রিজিয়া বেগম
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রংপুর অঞ্চল, রংপুর।

স্মারক নং- ৩৫৪৪/ঠাকুর/৮ তারিখ ঃ ১৩/০৮/২০০৫ইং।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরতি হইল ঃ-

০১। মহা পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
০২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, রাজশাহী। তাঁহার ১১/০৮/২০০৫ইং তারিখের ঠাক/নিমা/১১১/২৩০ নং পত্র মোতাবেক।
০৩। সিনিয়র সহকারী সচিব, শিক্ষা মন্ত্রনালয়, বাংলাদেশ সচিবালয়, অনুদান শাখা (শাখা-৪) ঢাকা।
০৪। জেলা শিক্ষা অফিসার ঠাকুরগাঁও।
০৫। উপজেলা প্রকল্প কর্মকর্তা (মাধ্যমিক শিক্ষা) ঠাকুরগাঁও সদর জেলা ঠাকুরগাঁও।
০৬। প্রধান শিক্ষক, বৈরাগী হাট বালিকা নিম্নমাধ্যমিক বিদ্যালয় পোঃ দেবীগঞ্জ উপজেলা ঃ সদর জেলা ঃ ঠাকুরগাঁও।
০৭। সংস্থাপন শাখা স্বত্র দপ্তর।
০৮। সংরক্ষণ নথি।

(রিজিয়া বেগম)
উপ পরিচালক (ভারপ্রাপ্ত)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,
রংপুর অঞ্চল, রংপুর।